দৈনিক সংবাদ

তারিখ ... 05 JAN 1990 ..
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৮

০১

৩/

# শিক্ষকের অভাবে দুটি বিদ্যালয়ে লেখাপড়া বিঘ্নিত

কুমিল্লা, ৩০শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।—প্রয়োজনীয় সংস্কার, আসবাবপত্র ও শিক্ষা সরঞ্জামের অভাব এবং শিক্ষকের স্বল্পতার কারণে জেলার চান্দিনা উপজেলার ১টি প্রাথমিক ও ১টি উচ্চ বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।

১৯৮৩ সালে স্থাপিত এ এম এফ উচ্চ বিদ্যালয়ে ৩৬০ জন ছাত্র ছাত্রী লেখাপড়া করছে। এখানে শিক্ষক রয়েছেন মাত্র ১২ জন। শ্রেণী কক্ষে প্রয়োজনীয় বেঞ্চ না থাকায় ছাত্র-ছাত্রীদের দাঁড়িয়ে ক্লাস করতে হয়।

রসুলপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনের ছাদ চুইয়ে পানি পড়ে। ভবনের বিভিন্ন দেয়ালেও ফাটল দেখা দিয়েছে। বিদ্যালয়টিতে নেই কোন শৌচাগার, নেই পানীয় জলের ব্যবস্থা। শিক্ষকদের বসার জন্য কোন চেয়ার টেবিল নেই। ফলে বিদ্যালয়টিতে প্রায় ৩ শতাধিক ছাত্র-ছাত্রীর লেখা পড়া বিঘ্নিত হচ্ছে।